

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.১৩০০.০৪২.১৪.০৮০.১৭(১) ২০১৮

২৬ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ  
তারিখঃ ১৯ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ চাঁদপুর জেলা পরিষদের অনুকূলে ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প সংশোধন।

সূত্রঃ চাঁদপুর জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং- ৪৬.৪২.১৩০০.১০২.১৬.০০২.১৮.১৯৮ তারিখঃ ০৯/০৫/২০১৮।

চাঁদপুর জেলা পরিষদের অনুকূলে ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় ৪,০৯,২০,০০০/- গৃহীত ২০৯টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং- ১৬২, ১৬৩ এ গৃহীত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার প্রকল্প ২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন সংক্রান্ত। জেলা পরিষদের অর্থায়নে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন যুক্তিযুক্ত নয়। ক্রমিক নং- ২১ এ গৃহীত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার প্রকল্পটি বঙ্গ কালভার্ট নির্মাণ সংক্রান্ত। গত ১৫ মে, ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী পরিবেশ ও বন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেনঃ

“খাল/নালা রক্ষার স্বার্থে দেশের কোথাও বঙ্গ কালভার্ট নির্মাণের অনুমোদন দেয়া যাবে না”

২। এমতাবস্থায়, ২০১৭-২০১৮ অর্থবছরে চাঁদপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত ২০৯টি প্রকল্পের মধ্যে বর্ণিত ৩টি প্রকল্প সংশোধন করে জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

J. Min  
২১/৬/২০১৮  
(ড. জুলিয়া মঈন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮  
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, চাঁদপুর।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, চাঁদপুর।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।